কালের কণ্ঠ

তারিখ ২3 DEC 2015
পৃষ্ঠা ৬ কলাম ২

শিক্ষকের আচরণ

# ঢাবি শিক্ষার্থীর নালিশ

ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷

মহান বিজয় দিবসে জাতীয় স্মৃতিসৌধে যাওয়ার সময় এক শিক্ষার্থীকে পথিমধ্যে বাস থেকে নামিয়ে দেওয়া ও অসৌজন্যমূলক আচরণের অভিযোগ মিলেছে,এক শিক্ষকের বিরুদ্ধে। বিশ্ববিদ্যালয়ের প্রক্টরের কাছে প্রতিকার চেয়ে গত সোমবার অভিযোগ করেছেন ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগের শিক্ষার্থী আবু তালহা। অভিযোগপত্রে তালহা জানান, ১৬ ডিসেম্বর সকালে সাভারে ফুল দিতে যাওয়ার সময় সলিমুল্লাহ মুসলিম হলের বরাদ্দ করা বাসটি ধরতে ব্যর্থ হয়ে তালহা স্যার এ এফ রহমান হলের বাসে উঠে পড়েন। কিন্তু পথিমধ্যে হেমায়েতপুরে নামিয়ে দেওয়া হয় তাঁকে। বিশ্ববিদ্যালয়ের পরিচয়পত্র দেখালেও অসৌজন্যমূলক আচরণ করেন উইমেন অ্যান্ড জেন্ডার স্টাডিজ বিভাগের সহকারী অধ্যাপক ও স্যার এ এফ রহমান হলের আবাসিক শিক্ষক হেলাল হোসেন ঢালী।

বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত প্রক্টর অধ্যাপক ড. আমজাদ আলী বলেন, 'একজন শিক্ষক হিসেবে ছাত্রের সঙ্গে এমন আচরণ করা ঠিক হয়নি। অন্য বিভাগের হলেও সে বিশ্ববিদ্যালয়েরই ছাত্র। ওই শিক্ষার্থীকে উপাচার্য বরাবর অভিযোগ করতে বলেছি। উপাচার্যই বিষয়টি দেখবেন।' শিক্ষক হেলাল হোসেন ঢালী বলেন, 'ফুল দিতে যাওয়ার সময় বাসে কিছু অছাত্র চিহ্নিত করি। তালহা যে পরিচয় দেখিয়েছিল তার মেয়াদ ছিল না। সেজন্য শিক্ষার্থী নয় ভেবে বাস থেকে নামিয়ে দেওয়া হয়।'